# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৪৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাত নিষিদ্ধ সময়ের বিবরণ

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنْ الصَّلَاةِ نِصْفَ النَّهَارِ حَتَّى تَزُولَ الشَّمْسُ إِلَّا يَوْمَ الْجُمُعَةِ. رَوَاهُ الشَّافِعِي

## বাংলা

১০৪৬-[৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুপুরের সময় সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে নিষেধ করেছেন যে পর্যন্ত সূর্য ঢলে না পড়বে। একমাত্র জুমু’আর দিন ব্যতীত। (শাফি’ঈ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : মুসনাদ আশ্ শাফি‘ঈ ৬৩ নং পৃঃ, য‘ঈফ আল জামি‘ ৬০৪৮। কারণ সানাদে ইব্রাহীম বিন মুহাম্মাদ এবং ইসহাক বিন ‘আবদুল্লাহ মাতরূক রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘জুমু‘আর দিন ব্যতীত’ এ বাক্য দ্বারা দ্বি-প্রহরে সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের নিষেধাজ্ঞা হতে জুমু‘আর দিবসকে ব্যতিক্রমের অন্তর্ভুক্ত করা হয়েছে। অর্থাৎ জুমু‘আর দিনে দ্বি-প্রহরের সময় সূর্য ঢলে পড়ার পূর্বেও নফল সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা বৈধ। ইমাম শাফি‘ঈ ও ইমাম আবূ ইউসুফ-এর অভিমত এটাই। যদিও এ হাদীসটি দুর্বল তথাপি এর শাহিদ থাকার কারণে তা শক্তিশালী হয়েছে। ফলে এ হাদীস দলীল হওয়ার যোগ্য।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55606

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন